



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.৩২.০০১.২২. ২২৬

তারিখ : ১৩ই পৌষ ১৪৩২
২৮শে ডিসেম্বর ২০২৫

বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরের পোস্ট-ডক্টোরাল গবেষণা ক্যাটাগরিতে আমাই গবেষণা বৃত্তির জন্য চূড়ান্ত মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেটের আওতায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) কর্তৃক আমাই গবেষণা নীতিমালার শর্তানুযায়ী পোস্ট-ডক্টোরাল গবেষণা ক্যাটাগরিতে গবেষণাকর্ম সম্পাদনের লক্ষ্যে গবেষণা বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত গবেষককে চূড়ান্তভাবে মনোনয়ন দেওয়া হলো-

ক্রম	চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষকের নাম ও ঠিকানা	গবেষণার শিরোনাম	গবেষণার মেয়াদ
১.	ড. মোঃ মনজুর রহমান অধ্যাপক, বাংলা বিভাগ ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া মোবাইল : ০১৭১২১০৪০৮৫ ই-মেইল : manzurpoma@gmail.com	মধ্যযুগের কাব্যসাহিত্যের ভাষা : শব্দের গঠন, রূপান্তর ও সামাজিক- ঐতিহাসিক সম্পর্ক	১ বছর

আমাই পোস্ট-ডক্টোরাল গবেষণা বৃত্তি ২০২৫-২০২৬-এ যোগদানের শর্তাবলি

২০২৫-২০২৬ অর্থবছরের বাজেটের আওতায় আমাই পোস্ট-ডক্টোরাল গবেষণা ক্যাটাগরিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনাকে গবেষণা বৃত্তির জন্য মনোনীত করা হয়েছে।

২। পোস্ট-ডক্টোরাল গবেষণা বৃত্তির জন্য যোগদানের শর্তাবলি:

(ক) যোগদানের সময় গবেষককে আমাই কর্তৃক প্রণীত চুক্তিনামা (সংযোজনী-৪ক) অনুযায়ী দ্বিপক্ষীয়ভাবে আমাই (প্রথম পক্ষ) ও গবেষক (দ্বিতীয় পক্ষ)-এর মধ্যে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র এবং জামানতনামা (চুক্তি সম্পাদনকালে আমাই কর্তৃক নির্ধারিত ফরম্যাটে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প) সম্পাদন করতে হবে;

(খ) স্টাডি প্লান, গবেষণা শিরোনাম বা সুপারভাইজার পরিবর্তনের প্রয়োজন হলে আমাই গবেষণা শাখা হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে;

(গ) আমাই-এর অনুমতি ব্যতিরেকে গবেষক এ গবেষণা কাজের জন্য অন্য কোন সংস্থা/সূত্র থেকে আর্থিক অনুদান বা বৃত্তি ভোগ করতে পারবেন না;

(ঘ) গবেষককে নির্দিষ্ট সময়ে রিপোর্ট জমা দিতে হবে। সেই সাথে কমপক্ষে ০১ (এক) টি Peer-Reviewed Journal Paper অথবা Conference Paper (Index Preferably) অবশ্যই প্রকাশ করতে হবে। অন্যথায় আমাই গবেষণা নীতিমালা ২০২২-এর নিয়মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঙ) গবেষককে একমাসের বেশি সময়ের জন্য বিদেশে যেতে হলে আমাই-এর গবেষণা শাখা থেকে পূর্বানুমতি প্রয়োজন হবে;

(চ) পোস্ট-ডক্টোরাল গবেষণাকর্মের অর্থ সমান ০২ (দুই) কিস্তিতে গবেষণার অগ্রগতি তত্ত্বাবধায়ক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সন্তোষজনক অগ্রগতি প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবে। শেষ কিস্তির অর্থ গবেষণা সমাপ্তির সনদ ও প্রত্যয়নপত্র জমাদানের পর প্রদান করা হবে। গবেষণা মঞ্জুরি বরাদ্দ দেওয়ার নিমিত্ত প্রয়োজনীয় কাগজপত্র গবেষক জমা দিতে বাধ্য থাকবেন। গবেষণার শুরুতে পোস্ট-ডক্টোরাল গবেষণার গবেষক আমাই গবেষণা নীতিমালা ২০২২-এর অনুচ্ছেদ ৫.৬ অনুযায়ী খাত-উপখাতসহ বাজেট বিভাজনপূর্বক ০৩ প্রস্থ সম্ভাব্য গবেষণা বাজেট প্রস্তুতপূর্বক আমাই-এ জমা দিবেন।

(ছ) গবেষক আমাই গবেষণা শাখায় যেকোনো যোগাযোগের ক্ষেত্রে যোগদান পত্রে প্রদত্ত স্মারক নম্বর অবশ্যই উল্লেখ করবেন।

(জ) গবেষণাকর্ম তদারকির জন্য আমাইয়ের প্রতিনিধি ক্ষেত্র গবেষণায় (field research) অংশগ্রহণ করবেন এবং গবেষক এর ব্যয় বহন করবেন।

৩। উপরে বর্ণিত শর্তাবলি মেনে আমাই পোস্ট-ডক্টোরাল গবেষণা ক্যাটাগরিতে যোগদান করতে সম্মত থাকলে আগামী ৩১/১২/২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২৪. ১২. ২৫

(মোঃ আবদুল কাদের)

উপপরিচালক (সেমিনার, লাইব্রেরি ও আর্কাইভ)

ও

প্রতিকল্প কর্মকর্তা

উপপরিচালক (গবেষণা)

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ড. মোঃ মনজুর রহমান

অধ্যাপক, বাংলা বিভাগ

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

অনুলিপি:

১. পিএ টু পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) — পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
২. পিএ টু অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) — অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৩. পিএ টু অতিরিক্ত পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) — অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৪. অফিস কপি।